গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

বিষয়ঃ আগামী ২৩-২৬ মার্চ/২০১৭ বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব ও এ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে 'ট্যুর ডি সিএইচটি মাউন্টেন বাইক' প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি।
সভার তারিখ ঃ ১২/০৩/২০১৭ খ্রিঃ
সভার সময় ঃ বেলা ০৩.০০ টা।
সভার স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"। প্রতিযোগিতার কর্মসূচি "পরিশিষ্ট খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, এ মন্ত্রণালয় ও বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাবের যৌথ উদ্যোগে আগামী ২৩ মার্চ ২০১৭ তারিখ সাজেকে পৌঁছানোর পর ২৪ মার্চ হতে ট্যুর ডি সিএইচটি মাউন্টেন বাইক প্রতিযোগিতা শুরু করে খাগড়াছড়ি, রাঙ্গামাটি হয়ে ২৬ মার্চ বান্দরবানের নীলগিরিতে শেষ হবে। অনুষ্ঠানটি এবারই প্রথমবারের মত আয়োজন করা হচ্ছে এবং প্রতি বছর আয়োজনটি নিয়মিত করার জন্য মন্ত্রণালয় কার্যকরী ভূমিকা পালন করবে। প্রতিযোগীসহ এ আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা ও যাতায়াত নির্বিঘ্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সভায় উপস্থিত সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি ও পুলিশ সুপারদের দৃষ্টি আকর্ষণ করেন।

০২। উক্ত সভার আলোচিত বিষয়ে করণীয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	আগামী ২৩, ২৪, ২৫ ও ২৬ মার্চ ২০১৭ তারিখে মাউন্টেন বাইক প্রতিযোগিতা বাস্তবায়নের সম্ভাব্য অনুষ্ঠানসূচি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	প্রতিযোগিতার চূড়ান্ত অনুষ্ঠানসূচি কার্যবিবরণীর সাথে সংযুক্ত করা হলো (সংলাগ-১)।	স্ব স্ব মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর/ বিভাগ
২।	প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাবের সাধারণ সম্পাদক ১৫ লক্ষ টাকার একটি বাজেট সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব প্রতিযোগিতা আয়োজনে ৫ লক্ষ টাকার সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করে। এছাড়া বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর নিকট থেকে আর্থিক সহযোগিতা চাওয়া হয়েছে। বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ড থেকে প্রাপ্ত অর্থ ব্যতিরেকে মোট বাজেটের অবশিষ্ট অর্থ পার্বত্য **চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক ও পরিবীক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প** হতে নির্বাহ করার বিষয়ে আলোচনা হয়।	* বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব ৫ লক্ষ টাকা প্রদান করবে। * বাংলাদেশ ট্যুরিজম বোর্ড মোট বাজেটের একটি উল্লেখযোগ্য অংশের অর্থ প্রদান করবে। * অবশিষ্ট টাকা মন্ত্রণালয়ের **প্রাতিষ্ঠানিক ও পরিবীক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প** হতে ব্যয় করা হবে।	প্রকল্প পরিচালক, প্রাতিষ্ঠানিক ও পরিবীক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প, পাচবিম যুগ্মসচিব (পরিচালক), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, সাধারণ সম্পাদক, বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব
৩।	ট্যুর ডি সিএইচটি মাউন্টেন বাইক প্রতিযোগিতা অনুষ্ঠানে মন্ত্রণালয়ের প্রতিনিধি/ফোকাল পয়েন্ট এর সার্বক্ষণিক উপস্থিতি এবং এর আয়োজক বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাবের প্রতিনিধি সার্বক্ষণিক যোগাযোগ ও সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে আলোচনা হয়।	উক্ত অনুষ্ঠানে মন্ত্রণালয়ের পক্ষে ফোকাল পয়েন্ট উপসচিব (প্রশাসন-১) জনাব সুবিনয় ভট্টাচার্য্য এবং উপসচিব (সমন্বয়-২) জনাব এএসএম শাহেন রেজা উপস্থিত থাকবেন এবং অ্যাডভেঞ্চার ক্লাবের সাধারণ সম্পাদক জনাব মশিউর খন্দকারকে চাহিদা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক সহযোগী টিম গঠনপূর্বক মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনুষ্ঠানটি আয়োজন করবেন।	উপসচিব (প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২), পাচবিম এবং সাধারণ সম্পাদক, বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব
৪।	মাউন্টেন বাইক প্রতিযোগিতাটি আয়োজনের জন্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা আর্থিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ডকে পত্র প্রদান করা হয়েছে বলে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে অবহিত করেন এবং এ বিষয়ে সভায় উপস্থিত ট্যুরিজম বোর্ডের	বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও এ মন্ত্রণালয়ের পক্ষে বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব সমঝোতা স্মারক স্বাক্ষর করবে। এ বিষয়ে অ্যাডভেঞ্চার ক্লাবের সাধারণ সম্পাদক জনাব মশিউর খন্দকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	যুগ্মসচিব (পরিচালক), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, যুগ্মসচিব (প্রশাসন), পাচবিম, উপসচিব (প্রশাসন-১), পাচবিম ও

	পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও পরিচালক, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড জনাব নিখিল রঞ্জন রায় সভাকে জানান যে, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এ ধরণের অনুষ্ঠানের পৃষ্ঠপোষকতাসহ আর্থিক সহায়তা প্রদানে আগ্রহী। তবে আর্থিক সাহায্য প্রাপ্তির ক্ষেত্রে আয়োজনকারী মন্ত্রণালয় বা প্রতিষ্ঠানের সাথে ট্যুরিজম বোর্ডের একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা প্রয়োজন এবং ঐ সমঝোতা স্মারকের ভিত্তিতে অর্থ প্রদান করা হবে।		সাধারণ সম্পাদক, বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব।
৫।	ট্যুর ডি সিএইচটি মাউন্টেন বাইক প্রতিযোগিতা ফেসবুক পেইজসহ অন্যান্য সামাজিক মাধ্যম এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল মাধ্যমে প্রচারণার জন্য একাধিক প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ বিষয়ে অ্যাডভেঞ্চার ক্লাবের সাধারণ সম্পাদক সভায় অবহিত করেন যে, ইতোমধ্যে ফেসবুকে এ সংক্রান্ত একটি পেইজ চালু করা হয়েছে। সেখানে ব্যাপক সাড়া পাওয়া গেছে। প্রায় ১৫০ জন প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করেছেন এবং ৩২ জন প্রতিযোগী রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। প্রতিযোগিতার পূর্বে নির্ধারিত তারিখে প্রেস কনফারেন্স এর ব্যবস্থা করার জন্য আলোচনা হয়।	আগামী ২২ মার্চ ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় পিআইডি-তে প্রেস কনফারেন্স এর ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তা জনাব এএইচএম জুলফিকার আলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	তথ্য কর্মকর্তা, পাচবিম ও সাধারণ সম্পাদক, বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব
৬।	সভায় উপসচিব (প্রশাসন-১) সড়ক ও জনপথের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, তিন পার্বত্য জেলার সড়কে **বিশেষ করে সাজেক থেকে খাগড়াছড়ি সড়কে** স্থাপিত গতিরোধকগুলোর অনেকটাই চিহ্নিত করা না থাকায় ঝুঁকি থেকে যায়। এছাড়া রাস্তার যে সকল স্থানে ছোট/বড় গর্ত রয়েছে সেগুলো ভরাটের উপর আলোচনা হয়।	সড়ক ও জনপথ বিভাগ তিন পার্বত্য জেলার সড়কের ছোট/বড় গর্ত ভরাটসহ **সাজেক থেকে খাগড়াছড়ি সড়কের** গতিরোধকগুলো চিহ্নিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, ঢাকা নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান।
৭।	প্রতিযোগীদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে সাজেক থেকে নীলগিরি পর্যন্ত অ্যাম্বুলেন্সের ব্যবস্থাসহ সার্বক্ষণিক মেডিকেল টিম উপস্থিতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রতিযোগিতার নির্ধারিত তারিখ ও সময়ে প্রতিযোগীদের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে ডাক্তার, নার্স ও প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ মেডিকেল টিম ও অ্যাম্বুলেন্স থাকবে।	সিভিল সার্জন, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান।
৮।	প্রতিযোগীদের যাত্রা/ভ্রমণের নিরাপত্তা ও সুবিধার্থে সাইকেল বহরের সামনে ও পেছনে পুলিশ প্রটেকশনের ব্যবস্থা করা, ট্রাফিক কন্ট্রোল ও ভ্রমণ পতে প্রতিযোগীদের অভ্যর্থনা জানানোর জন্য রাস্তার দুইপাশে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, স্থানীয় জনগণের উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়।	প্রতিযোগিতার নির্ধারিত তারিখ ও সময়ে প্রতিযোগীদের ভ্রমণের নিরাপত্তা ও সুবিধার্থে সাইকেল বহরের সামনে ও পেছনে পুলিশ প্রটেকশনের ব্যবস্থা করতে হবে, স্থানীয় জনগণসহ স্কুল কলেজের ছাত্র-ছাত্রীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে জেলা পরিষদ, জেলা প্রশাসক ও পুলিশ সুপারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	জেলা পরিষদ/জেলা প্রশাসক/পুলিশ সুপার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।
৯।	বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি/কর্মকর্তাদের মাউন্টেন বাইক প্রতিযোগিতায় অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়। এদের জন্য প্রতিযোগিতার রেজিস্ট্রেশন ফি পরিশোধ করার প্রয়োজন নেই মর্মে আলোচনা হয়।	সভায় উপস্থিত মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধিগণ স্ব উদ্যোগে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করার প্রয়োজন নেই।	প্রতিনিধি/কর্মকর্তাবৃন্দ, স্ব স্ব মন্ত্রণালয়/সংস্থা/দপ্তর/বিভাগ
১০।	প্রতিযোগীদের খাগড়াছড়ি হতে সাজেক এবং সাজেক হতে খাগড়াছড়িতে যাতায়াত ব্যবস্থা নির্বিঘ্ন করা এবং তিন পার্বত্য জেলায় ভ্রমণের সময় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি এ বিষয়ে সংশ্লিষ্ট বাহিনীদের প্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করেন।	সশস্ত্র বাহিনী বিভাগ প্রতিযোগীদের খাগড়াছড়ি হতে সাজেক এবং সাজেক হতে খাগড়াছড়িতে যাতায়াতের ব্যবস্থা নির্বিঘ্ন করতে সংশ্লিষ্ট ইউনিট অফিসে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং তিন পার্বত্য জেলায় ভ্রমণের সময় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে তিন জেলার পুলিশ সুপারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সশস্ত্র বাহিনী বিভাগ, পুলিশ সুপার, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান

চলমান পাতা

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৩/২০১৭
(নব বিক্রম কিশোর ত্রিপুরা এনডিসি)
সচিব

নং-২৯.০০.০০০০.২১৩.২৩.০০৫.১৭- ৭৪৭

তারিখ ঃ ১৪/০৩/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, সংস্কৃতি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৭. Director General (Intelligence), Armed Forces Division, Dhaka Cantonment, Dhaka.
৮. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, 83-88, Mohakhali Commercial Area, Bir Uttam AK Khandakar Road, Dhaka 1212।
১০. প্রধান নির্বাহী, বাংলাদেশ টুরিজম বোর্ড, BSL Office Complex, (Hotel InterContinental), Level-3, Building No-2, 1 no Minto Road. Dhaka-1000।
১১. ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি।
১২. অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৩. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও কমান্ডার, ২০৩ ইনফ্যান্ট্রি বিগ্রেড।
১৪. রিজিয়ন কমান্ডার, বান্দরবান পার্বত্য জেলা ও কমান্ডার, ৬৯ পদাতিক বিগ্রেড।
১৫. রিজিয়ন কমান্ডার, রাংগামাটি পার্বত্য জেলা ও কমান্ডার, ৩০৫ পদাতিক বিগ্রেড।
১৬. যুগ্ম সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৭. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ৬০ আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা।
১৮. জেলা প্রশাসক, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৯. উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২০. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি।
২১. পুলিশ সুপার, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২২. সিভিল সার্জন, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৪. জনাব ফরিদুর রেজা সাগর, ব্যবস্থাপনা পরিচালক, চ্যানেল আই, ৪০, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও বা/এ, ঢাকা।
২৫. Sabiha Aktar Tora, Director, Maxposure Ltd. 10/5, 10th Floor, Eastern Commercial, 73 Kakrail, Dhaka.
২৬. সাধারণ সম্পাদক, বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব, হোম টাউন এপ্যার্টমেন্ট, ফ্লাট-৯ সি, ৮৭ নিউ ইস্কাটন রোড, বাংলামটর, ঢাকা।
২৭. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

১৪/৩/১৭

(সুবিনয় ভট্টচার্য্য)
উপসচিব
ফোন: ৯৫৭৬৬৪৩
E-mail : a.mochta@yahoo.com

J:\Forwading to Minutes.doc